

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা  
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩  
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৫৩.১৭-৮৭৭

হি-১

তারিখঃ ২২/১০/১৪২৫  
২৪/১০/২০১৯

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা।

বিষয়ঃ- ২০১৮-২০১৯ আর্থিক সালে বাংলাদেশ সুপ্রীম কোর্টের অভ্যন্তরে এ্যানেল ভবনের ডেয়ার নং-৯/এ এবং ২৩/ক ফ্লোরে শিরর পলিশ টাইলস, টয়লেটের টাইলস, ফলস সিলিং ভার্টিক্যাল পর্দা, টেক্সটার পেইন্ট, স্যামিটারি ফিটিংস পরিবর্তন, রং ও পলিশ করা কাজের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরে খরচ করার জন্য ১৭,৭৭,৬৩৭/- (সেতের লক্ষ সাতাত্তর হাজার ছয়শত সাইত্রিশ) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ সহকারী রেজিস্ট্রার (বাজেট), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা এর স্মারক নং-৪৯২(২) তারিখঃ ১৩/০১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১২২২৫ তারিখঃ ১১/০২/২০১৯ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ১৭,৭৭,৬৩৭/- টাকা হাইকোর্ট বিভাগের হিসাবের কোড নং-৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা (মেরামত) খাতে ২০১৮-২০১৯ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা এর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করে এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিয়োক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

- শর্তসমূহ
- সংশ্লিষ্ট কাজগুলির ব্যয়ের তারতম্য পরীক্ষা-নিরীক্ষাপূর্বক এর যৌক্তিকীকরণ এবং একই ধরনের কাজের ব্যয়ের একক হারের মধ্যে সামঞ্জস্য সাধন করতে হবে এবং দৈত্যতা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে।
  - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-২০০৬ এবং Public Procurement Rules (PPR)-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
  - ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ আদেশ জারিপূর্বক অনুলিপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
  - পরবর্তীতে এ অর্থ ব্যয়ের প্রকৃত হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।
  - আইটেমওয়ারি ১০০% ভৌত অগ্রগতি সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক সরেজমিনে বুকে নিয়ে বিল পরিশোধ করবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত/উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

  
আশেক আহমেদ শিবলী

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪  
\_coord@pwd.gov.bd


স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৫৩.১৭-৮৭৭/১৩৯

হি-১

তারিখঃ ২২/১০/১৪২৫  
২৪/১০/২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (স্বাক্ষরিত ক্রমানুসারে নয়) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট-৭), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।
- ৫। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (প্রকল্প সার্কেল-২) গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৭। সহকারী রেজিস্ট্রার (বাজেট), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা। ইহা তার উপরোক্ত স্মারকের বরাত বহন করে।
- ৮। নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা।
- ৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তার উপরোক্ত স্মারকের বরাত বহন করে।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৫। গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, অত্র অধিদপ্তর, ঢাকা।

  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)  
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।